

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৪১

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা

তৃতীয় দিনে ‘ভারতীয় সংস্কৃতি ও রামায়ণ’ শীর্ষক আলোচনাচক্র

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলায় তৃতীয় দিনে আজ ‘ভারতীয় সংস্কৃতি ও রামায়ণ’ শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। বইমেলা প্রাঙ্গণে কবিতা মঞ্চে অনুষ্ঠিত এই আলোচনাচক্রে অংশ নেন আগরতলা বিএড কলেজের সহকারি অধ্যাপক ড. সন্দীপ দেব, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান ড. নির্মল দাস এবং নাট্যকার ও নির্দেশক বিদ্যুৎজিত চক্রবর্তী।
